



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/6/2022

গভর্নর ক্যাথি হোকল

**বিমানবন্দরগুলোতে বাচ্চাকে বুকের দুধ খাওয়ানোর জন্য নির্ধারিত স্থান রাখা  
আবশ্যিক করার মাধ্যমে নতুন বাবা-মায়েদেরকে সহায়তা করার জন্য গভর্নর  
হোকলের আইন স্বাক্ষর**

**আইনটি (S.3866/A.7813) বিমানবন্দরগুলোর জন্য লোকচক্ষুর আড়ালে বাচ্চাকে  
বুকের দুধ খাওয়ানোর জন্য নির্ধারিত একটি স্থান রাখা আবশ্যিক করছে**

গভর্নর ক্যাথি হোকল নির্দিষ্ট কিছু বিমানবন্দরে বাচ্চাকে বুকের দুধ খাওয়ানো ব্যক্তিদের জন্য লোকচক্ষুর আড়ালে একটি নির্ধারিত স্থান রাখা আবশ্যিক করার মাধ্যমে নিউ ইয়র্কে ভ্রমণকারী নতুন বাবা-মায়েদেরকে সহায়তা করতে আইন (S.3866/A.7813) স্বাক্ষর করেছেন। এই বিল বিমানবন্দরের নিরাপত্তা স্ক্রিনিং এলাকার পিছনে বাচ্চাকে বুকের দুধ খাওয়ানোর জন্য নির্ধারিত স্থান রয়েছে এমন নার্সিং-বান্ধব বিমানবন্দর থাকা নিশ্চিত করতে বর্তমান জনস্বাস্থ্য আইন (Public Health Law) সংশোধন করছে।

"নতুন বাবা-মায়েদের জন্য সবচেয়ে বড় চ্যালেঞ্জগুলোর একটি হলো তাদের সন্তানকে খাওয়ানোর জন্য একটি উপযুক্ত স্থান খুঁজে বের করা," বলেছেন গভর্নর হোকল। "এটি এমন এক লড়াই যেটির সঙ্গে বহু মানুষ বহু বছর ধরে মোকাবেলা করে আসছেন, এবং কেবল সম্প্রতি তারা তাদের প্রাপ্য অধিকার ও সুযোগ-সুবিধা অর্জন করতে সক্ষম হয়েছেন। এটিকে স্বাক্ষর করে আইনে পরিণত করার মাধ্যমে, আমরা নিউ ইয়র্ককে অল্পবয়সী শিশুদের সুরক্ষা ও নিরাপত্তার সঙ্গে বেড়ে উঠার মতো উন্নত একটি স্থানে পরিণত করা চালিয়ে যাবো।"

জনসমাগমের স্থানগুলোর মধ্যে বেশিরভাগ স্থানেই সন্তানকে বুকের দুধ খাওয়ান এমন ব্যক্তিদের জন্য যথাযথ সুযোগ-সুবিধার অভাব রয়েছে। এই আইন নতুন বাবা-মায়েদেরকে সহায়তা করার জন্য নিউ ইয়র্ক স্টেটে গৃহীত বৃহৎ পদক্ষেপগুলোর সঙ্গে যোগ হচ্ছে, যার মধ্যে কর্মসংস্থানের স্থান ও পাবলিক ফ্যাসিলিটিগুলোতে ল্যাকটেশন রুম স্থাপন করা অন্তর্ভুক্ত রয়েছে, যা মায়েদেরকে তাদের সন্তানদের পরিচর্যা করতে এবং বুকের দুধ পাম্প করতে সুযোগ করে দিবে।

**স্টেট সিনেটর টিমোথি এম. কেনেডি বলেন,** "অন্য অনেক বিলের মতো এই বিলটিও আমার নির্বাচনী এলাকার একজন ব্যক্তির সঙ্গে কথোপকথনের পরে তৈরি করা হয়েছে, যিনি নিউ ইয়র্কের মায়েদের জন্য সেবার ক্ষেত্রে ঘাটতি থাকার বিষয়টি উপলব্ধি করেছিলেন। কাজের

সুবাদে ভ্রমণ করতে হওয়া একজন কর্মজীবী মা হিসেবে, র্যাচেল জ্যাকসন বিমানবন্দরগুলোতে বাচ্চাকে বুকের দুধ খাওয়ানো মায়েদের জন্য প্রায় কোনো সুযোগ-সুবিধাই দেখতে পাননি। আমরা সহযোগিতার সম্পর্কের মধ্য দিয়ে সে বিষয়টির পরিবর্তনের জন্য এই আইনটির খসড়া তৈরি করেছি। এই বিল বাফেলোর জন আর. ওইশেই চিলড্রেনস হসপিটাল (John R. Oishei Children's Hospital) এবং নিউ ইয়র্ক জুড়ে বসবাসকারী মায়েরা সহ বহু সংখ্যক অংশীদারের সমর্থন নিয়ে সামনে অগ্রসর হয়েছে যারা এই বিলটি স্টেটজুড়ে পরিবারগুলোর উপর যে প্রভাব রাখবে সেটির উপর আস্থা রেখেছেন। এই বিলকে আইনে পরিণত করায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই, যা মায়েদের জন্য যাত্রাপথে বিকল্প ব্যবস্থা থাকা নিশ্চিত করবে এবং তাদের যেন নিজের ক্যারিয়ার এবং একজন সুস্থ সন্তানকে বড় করে তোলা এই দুইটির মধ্যে একটিকে বেছে নিতে না হয় সে বিষয়টি নিশ্চিত করবে।"

**অ্যাসেম্বলি সদস্য মাইকেল সি. সোলাগেস বলেন,** "মায়েদের জন্য তাদের শিশু সন্তানকে বুকের দুধ খাওয়ানো, বুকের দুধ পাম্প করা বা খাওয়ানোর জন্য বিমানবন্দরগুলোতে বাথরুম ছাড়া আলাদা নির্ধারিত একটি স্থান প্রদান করার মাধ্যমে, আমরা সন্তান লালন-পালনের একটি সুস্থ রীতি প্রতিষ্ঠা করছি। একজন শিশুর বিকাশের জন্য যথাযথ পুষ্টি পাওয়া অপরিহার্য, বিশেষ করে শিশুর জন্মের প্রথম বছরে। এই আইনকে সমর্থন দেয়ায় আমি গভর্নর হোকলকে ধন্যবাদ জানাই। যেসব নিউ ইয়র্কবাসী বিমানবন্দর দিয়ে ভ্রমণ করছেন অথবা সেখানে কর্মরত রয়েছেন তাদের জন্য এটি বড় একটি অগ্রসরমূলক পদক্ষেপ, এবং এটি পরিবারগুলো যাতে এমনকি বিশ্ব ভ্রমণের সময়েও প্রয়োজনীয় সুযোগ-সুবিধা পায় সে বিষয়টি নিশ্চিত করবে।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে [www.governor.ny.gov](http://www.governor.ny.gov) -এ  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418